

কাল থেকে ফের কাতার ফ্লাইট চালু করছে ইউএস-বাংলা

- A Monitor Desk Report

Date: 22 April, 2026



ঢাকা : যুদ্ধের কারণে দীর্ঘদিন পর আবারও ঢাকা - দোহা রুটে সরাসরি ফ্লাইট চালু করছে দেশের বেসরকারি উড়োজাহাজ সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স।

আগামীকাল বৃহস্পতিবার (২৩ এপ্রিল) থেকে এই রুটে পুনরায় ফ্লাইট পরিচালনা শুরু করবে এয়ারলাইন্সটি। দীর্ঘ বিরতির পর এই রুট চালু হওয়ায় মধ্যপ্রাচ্যে কর্মরত বাংলাদেশি যাত্রী ও ভ্রমণকারীদের জন্য নতুন করে যাতায়াত সুবিধা তৈরি হলো।

হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ জানায়, ইউএস-বাংলা এয়ারলাইন্সের ঘোষণা অনুযায়ী ঢাকা-দোহা-ঢাকা রুটে পরিচালিত হবে দুটি ফ্লাইট বিএস-৩৩৩ এবং বিএস-৩৩৪। পরবর্তী ২ মাস অর্থাৎ ২৩ জুন পর্যন্ত নির্ধারিত সময়সীমায় এই ফ্লাইট পরিচালনা করা হবে।

ইউএস-বাংলা এয়ারলাইন্স জানিয়েছে, সুবিধাজনক সময়সূচি ও নির্ভরযোগ্য সেবার মাধ্যমে যাত্রীদের নির্বিলম্ব ভ্রমণ নিশ্চিত করাই তাদের লক্ষ্য। বিশেষ করে কাতারগামী শ্রমিক, ব্যবসায়ী ও পর্যটকদের জন্য এই রুটটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।

-B